



সূত্র: ২৮.১৯.০০০০.৩০৩.৮৭.০০২.২২-

তারিখ: ০৫ অক্টোবর ২০২২

বিষয়: আরপিজিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুকাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর) অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

- **সভাপতি :** জনাব যাবেদ চৌধুরী,  
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নেতৃত্বকা কমিটি, আরপিজিসিএল।
- **তারিখ :** ২৭ সেপ্টেম্বর ২০২২, মঙ্গলবার
- **সময় :** বেলা ১১:৩০ মিনিট
- **স্থান :** অনলাইন জুম প্লাটফর্ম।
- **উপস্থিতি :** বেকর্ডেড

## ১। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় কোম্পানির উপমহাব্যবস্থাপক (এইচআর) ও নেতৃত্বকা কমিটির ফোকালপয়েন্ট আরপিজিসিএল-এর শুকাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যপত্র উপস্থাপন করেন। ফোকালপয়েন্ট উল্লেখ করেন যে, এ বছর থেকে এপিএ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী শুকাচার কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের সভায় শুকাচারসহ সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ও তথ্য অধিকার আইন (আরটিআই) বিষয়ে আলোচনা করতে হবে।

২.২। উপমহাব্যবস্থাপক (এইচআর) ও নেতৃত্বকা কমিটির ফোকালপয়েন্ট ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর) শুকাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি অবহিত করেন। সিটিজেন চার্টার বিষয়ে উপমহাব্যবস্থাপক (পিআরএম) এবং জিআরএস ও আরটিআই বিষয়ে কোম্পানি সচিব বিভাগিত আলোকপাত করেন।

২.৩। সভায় পেট্রোবাংলার নেতৃত্বকা কমিটির ফোকালপয়েন্ট মহাব্যবস্থাপক (প্র্যাটেজিক প্ল্যানিং) উল্লেখ করেন যে, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় শুকাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহি এবং পারস্পরিক সৌহার্দ্য আরও বাড়বে। তিনি আরও বলেন, আরপিজিসিএল-এর সিএনজি সংক্রান্ত অংশীজনকে এধরনের সভায় যুক্ত করলে অধিকতর ফলপ্রসূ হবে। এ বিষয়ে সভায় অবহিত করা হয় যে, পরবর্তী সভায় সিএনজি গ্রাহকদের যুক্ত করা হবে।

২.৪। সভায় পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে জিটিসিএল, বাপেক্স, জালালাবাদ, বিজিএফসিএল, এসজিসিএল, এসজিএফএল-এর প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব কর্মপরিকল্পনার অগ্রগতি অবহিত করেন। একইসঙ্গে তাঁরা আরপিজিসিএল-এর বিভিন্ন নাগরিক সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। জেজিটিডিএসএল-এর প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে, কর্মপরিকল্পনায় সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণের বিষয়টি অন্তর্ভুক্ত আছে। এবিষয়ে প্রত্যেক কার্যালয় থেকে ব্যবস্থা নিতে হবে নাকি একটি কার্যালয়ে রেজিস্টার সংরক্ষণ করলেই প্রমাণক হিসেবে যথেষ্ট হবে তা আরও স্পষ্ট হওয়া প্রয়োজন। কেননা ডিস্ট্রিবিউশন কোম্পানির ক্ষেত্রে বহসংখ্যক সেবা প্রদান কার্যালয় বিদ্যমান রয়েছে। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, বিষয়টি পেট্রোবাংলার সঙ্গে আলোচনাক্রমে সমাধান করা যেতে পারে।

২.৫। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, আরপিজিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সিএনজি কনভারশন, সিলিন্ডার রিটেন্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাগ্রহীতার মতামতকে গুরুত্বপূর্ণ যথাযথ সেবা প্রদান নিশ্চিত করাসহ কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে শুকাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।

২.৬। আরপিজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক বলেন, এ কোম্পানি পরিবেশ উন্নয়নে যানবাহনে সিএনজি ব্যবহারে জনগণকে উদ্বৃক্ষণ, বাংলাদেশে সিএনজি জালানি নির্ভর পরিবহণ অবকাঠামো নির্মাণ, তদারকি, বাণিজ্যিকভাবে এর পরিচালন, সম্প্রসারণের দায়িত্ব পালনসহ সিলেটের গ্যাসক্ষেত্রসমূহে প্রাপ্ত কাঁচামাল এনজিএল-কনডেনসেট প্রসেস করে এলপিজি, পেট্রোল ও ডিজেল উৎপাদন-বিপণন, আশুগঞ্জ স্থাপনায় কনডেসেট হ্যান্ডলিং এবং এলএনজি সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করছে। পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহ আমাদের স্টেকহোল্ডার। এধরনের সভা আয়োজন পরম্পরারে মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ার প্ল্যাটফর্ম তৈরি করে।

২.৭। তিনি আরও বলেন, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় শুক্রাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন, সিটিজেন চার্টার, জিআরএস ও আরটিআই অনেক ভালো ভূমিকা পালন করছে। বিশেষত, প্রতিশুত সেবা প্রদান বিষয়ে কোনো অভিযোগ থাকলে যে কোনো নাগরিক অভিযোগ করতে পারেন। প্রয়োজনে তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য চাইতে পারেন। এ মতবিনিময়ের মাধ্যমে, পারম্পরিক নলেজ শেয়ারিং এর মাধ্যমে সামগ্রিকভাবে সুশাসন প্রতিষ্ঠায় একযোগে কাজ করার অনন্য সুযোগ সৃষ্টি হবে। এসব বিষয়ে যতো জানা যাবে, চর্চা করা যাবে, ততো বেশি ফলপ্রসূ হবে।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) ২০২২-২০২৩ অর্থবছরে শুক্রাচার কৌশলের কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারে অনুষ্ঠেয় অংশীজনের সভায় আরপিজিসিএল-এর সিএনজি সংক্রান্ত অংশীজনকে যুক্ত করতে হবে;
- খ) কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে শুক্রাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- গ) সেবা প্রদান প্রতিশুতি অনুযায়ী সিএনজি কনভারশন, সিলিন্ডার রিটেন্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাধৰ্মীতার মতামতকে গুরুত্বপূর্ণসহ যথাযথ সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

*Lored Chandy*  
(যাবেদ চৌধুরী) ০৬-১০-২০২২  
ব্যবস্থপনা পরিচালক ও  
সভাপতি, নেতৃত্বকারী কমিটি, আরপিজিসিএল।

১৮

# বুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

আরপিজিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুল্কচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী  
 ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর) অংশীজনের অংশগ্রহণে  
 ২৭.০৯.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার রেকর্ডে ছবি

